


# Flash Guard

ব্যবহার-নির্দেশিকা · মূল ডিভাইস

**চোরের জন্য কঠিন, আপনার জন্য সহজ।** ইন্টারনেট ছাড়াই পাহারা দেয় — পাহারার তার কাটলে বা দরজা খুললেই **স্পিকার বাজে ও আলো জ্বলে**, ইনশাআল্লাহ। বসাতে লাগবে **২০ মিনিট**; কোনো তার কাটা বা ঝালাই নেই।

📱 **অ্যাপ নামান**
**flashpickbd.com/app**
🎬 কোথাও না বুঝলে অ্যাপে **নড়াচড়া করে** দেখানো আছে

## বাক্সে যা আছে · পুরো কাজ ৪ ধাপে

| বাক্স মিলিয়ে নিন | |
|---|---|
| ১ | Flash Guard ডিভাইস (সিল করা) |
| ২ | ১২V অ্যাডাপ্টার |
| ৩ | স্পিকার |
| ৪ | মাউন্টিং কেসিং (রিসেট সুইচ ও আলো লাগানোই আছে · ডান দেয়ালে TEST পোর্ট · নিচে নীল গ্রাউন্ড তার) |
| ৫ | কানেক্টর (পাহারার তার আনার জন্য) |
| ৬ | টেস্ট-কেবল (যাচাই করার জন্য) |
| ৭ | পয়েন্টের বাতি — **৫টি** (প্রতিটা পাহারার পয়েন্টে একটা) |

| ধাপ | |
|---|---|
| ১ | কেসিং দেয়ালে, তারপর ডিভাইস (নিচে) |
| ২ | তার লাগান (পাতা ২) |
| ৩ | পাহারার তার দরজায় (পাতা ৩) |
| ৪ | অ্যাপে নিবন্ধন — গ্যারান্টি চালু |

## ধাপ ১ · কেসিং বসান, তারপর ডিভাইস আটকান




| কয়টি | স্ক্রু-ছিদ্র ৬টি |
|---|---|
| ৪টি | কেসিং **দেয়ালে — শক্ত টাইট** |
| ২টি | ডিভাইস আটকাতে — **পুরো টাইট নয়**, মাথা একটু বাইরে; ডিভাইস ঐ দুটোয় **গলিয়ে নিচে নামিয়ে** আটকান |

📍 এমন জায়গায় বসান যেখানে **বাইরে থেকে হাত পৌঁছায় না** — কারণ **অ্যালার্ম থামে শুধু ভিতরের রিসেট সুইচে**। চোর তার জোড়া দিলেও থামবে না।

⚠ **১২ ভোল্টের বেশি কখনো দেবেন না** — ডিভাইস নষ্ট হবে, গ্যারান্টিও থাকবে না। 🔊 স্পিকারের দুটো তার কেসিং থেকে বের করাই থাকে।

## গ্যারান্টি ও ওয়ারেন্টি — দুটি আলাদা

| কোনটা | কীসের জন্য | কী পাবেন |
|---|---|---|
| **গ্যারান্টি — ৫ বছর** | শুধু **মূল ডিভাইস** | ত্রুটি হলে **বদলে** দেওয়া হয় |
| **ওয়ারেন্টি — ৫ বছর** | মূল ডিভাইস **ছাড়া** বাকি সব | **সার্ভিসিং ফ্রি**, পার্টসের দাম গ্রাহকের |


**শর্ত প্রযোজ্য** — বাতিল হয়: ইচ্ছাকৃত ক্ষতি · পানি বা আগুন · সিল খোলা বা নিজে মেরামত · ১২V-র বেশি বিদ্যুৎ · বজ্রপাত · সিরিয়াল নম্বর অস্পষ্ট। অ্যাপে সিরিয়াল দিয়ে ডিভাইস যুক্ত করলেই **গ্যারান্টি আপনার নামে চালু** হয়।

Flash Guard একটি **সহায়ক** নিরাপত্তা-ডিভাইস — ঝুঁকি অনেক কমায়, কিন্তু কোনো প্রযুক্তিই ১০০% নিশ্চয়তা দিতে পারে না। নিরাপত্তা আল্লাহর হাতে, ডিভাইস কেবল উছিলা।

উদ্ভাবক — মোহাম্মদ সুজন রহমান · মাদারীপুর · flashpickbd.com · flashguard@flashpickbd.com

## ধাপ ২ · তার লাগান — এক এক করে

**একসাথে সব লাগাতে যাবেন না।** ছবিতে প্রতিটা ঘরের গায়ে নম্বর আছে — **১ থেকে এক এক করে** লাগান। ডিভাইসের গায়ে নামও ছাপা আছে, মিলিয়ে নিতে পারবেন।




| বাতি দেখে বুঝুন | |
|---|---|
| সবুজ 🟢 | বিদ্যুৎ আছে |
| লাল 🔴 | পাহারা চালু |
| হলুদ 🟡 | পাহারার লাইন যুক্ত |
| কমলা 🟠 | নেভানোই স্বাভাবিক (শুধু কন্ট্রোলারে জ্বলে) |

## ধাপ ৩ · যাচাই করুন — পাহারার তার বসানোর আগেই

টেস্ট-কেবলের লাল ও কালো তার দুটো **একসাথে পেঁচিয়ে** জ্যাকটা `LOCK OUTPUT`-এ লাগান।

| যা করবেন | যা হবে |
|---|---|
| রিসেট **ON** | হলুদ বাতি জ্বলে · **চুপচাপ** ✅ |
| বেজে উঠলে | রিসেট **OFF** → নম্বর মিলিয়ে নিন |

| রোজ যেভাবে চালাবেন | |
|---|---|
| রাতে / বাইরে গেলে | রিসেট **ON** |
| ফিরে এসে | রিসেট **OFF** |
| অ্যালার্ম বাজলে | OFF → দেখুন → জোড়া দিন → ON |

📄 **কাগজ পরীক্ষা:** দরজা বন্ধ করে ফাঁকে কাগজ ঢোকান — **ঢুকলে** ফাঁক আছে, **না ঢুকলে** মিশে যায়। ✍ অর্ডারের সময় লিখে দিন।


✂ দরজা বন্ধ রেখে **লাল তার** কেটে দেখুন — তাতেও বাজবে। □ দরজা খুললেও ধরা, তার কাটলেও ধরা।

## ধাপ ৪ · পাহারার তার — কীভাবে কানেকশন দেবেন

🔴 **লাল যায়** · ⚫ **কালো ফেরে।** ডিভাইস থেকে **লাল তার** সব পাহারার পয়েন্ট ছুঁয়ে যায়, আর **শেষ পয়েন্ট** থেকে **কালো তার** ডিভাইসে ফেরে। ✂️ কাটা শুধু **লাল তারে** — কালো তার মাঝপথে কোথাও কাটবেন না। 💡 প্রতিটা পয়েন্টে একটা **পয়েন্টের বাতি** — বাতির **লাল (+)** তার সামনের মাথায় (শেষ পয়েন্টে সেটা কালো), **মাইনাস (–)** তার কেসিং থেকে আসা **নীল গ্রাউন্ড** তারে।




১ · **এক দরজা:** লাল তার এসে সুইচের জায়গায় **একটা কাটা** — সুইচের দুই তার দুই মাথায়।




২ · **বাতি:** লাল (+) সামনের মাথায়, মাইনাস (–) নীল গ্রাউন্ডে। বাতির পায়ে **3.3k রেজিস্টর**।

🎬 **বুঝতে অসুবিধা হচ্ছে?**
পাশের কোডটি ফোনের ক্যামেরায় স্ক্যান করলেই **পুরো সেটআপের ভিডিও** খুলবে — দরজা, গরু, খামার, এসি, মোটর — সব এক ভিডিওতে। অ্যাপেও এই ছবিগুলো **নড়াচড়া করে** দেখানো আছে (অ্যাপ নামানোর কোড পাতা ১-এ)।

🎬 সেটআপ ভিডিও

অ্যাপে — **আরও → ডিভাইস সেটআপ ও গাইড → পাহারার লাইন → নমুনা দেখুন**
উপরে 💡 চিহ্ন দেওয়া তিনটি নমুনাই বাতির সংযোগ।

📄 **কাগজ পরীক্ষা:** দরজা বন্ধ করে ফাঁকে কাগজ ঢোকান — **ঢুকলে** ফাঁক আছে, **না ঢুকলে** মিশে যায়। ✍️ অর্ডারের সময় লিখে দিন, যা লাগে সাথেই পাঠাব।




৩ · **যত খুশি সংযোগ, তার একটাই:** যতগুলো সুইচ ততগুলো কাটা, প্রতিটা সুইচে একটা বাতি — শেষ পয়েন্ট থেকে কালো তার ডিভাইসে ফেরে।




৪ · **TEST পোর্ট:** কেসিংয়ের ডান দেয়ালে, উপর থেকে ১ ইঞ্চি নিচে।

💡 **বাতি দিয়ে লাইন পরীক্ষা:** পাহারা বন্ধ রেখে (রিসেট **OFF**) পাহারার তারের কানেক্টর ডিভাইস থেকে খুলে কেসিংয়ের **TEST পোর্টে** লাগান — সব পয়েন্টের বাতি জ্বলে উঠলে বুঝবেন পুরো লাইন ঠিক আছে, **অ্যালার্ম না বাজিয়েই**। দেখা শেষে কানেক্টর আবার ডিভাইসে লাগিয়ে দিন। শর্ত প্রযোজ্য।